## আগামী ০২ অক্টোবর, ২০১৭ তারিখে জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৭ উদযাপনের লক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী :

সভাপতি : জনাব মোহাম্মদ আব্দুল্লাহ্
সচিব, শিল্প মন্ত্রণালয়

তারিখ : ০৩-০৮-২০১৭

রোজ : বৃহস্পতিবার

সময় : বিকাল ০৩.০০ ঘটিকা

স্থান : শিল্প মন্ত্রণালয়ের সম্মেলণ কক্ষে

উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি আগামী ০২ অক্টোবর, ২০১৭ "জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৭" উদযাপনের লক্ষ্যে করণীয় বিষয়সমূহ সভায় উপস্থাপনের জন্য ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর পরিচালককে অনুরোধ করেন। এনপিও'র পরিচালক জনাব এস.এম. আশরাফুজ্জামান আগামী ০২ অক্টোবর, ২০১৭ "জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৭" উদযাপনের জন্য করণীয় বিষয়সমূহ পর্যায়ক্রমে Power Point Presentation এর মাধ্যমে সভায় উপস্থাপন করেন।

অতঃপর সভায় আলোচ্যসূচি ভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রমিক নং | আলোচ্যসূচি ও আলোচনা | সভায় সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| ১। | "জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৭" এর প্রতিপাদ্য বিষয় নির্বাচন<br>প্রতি বছরের ন্যায় এবছরেও জাতীয় উৎপাদনশীলতা দিবসের জন্য একটি প্রতিপাদ্য বিষয় নির্বাচন করা প্রয়োজন মর্মে সভায় আলোচনা করা হয়। এনপিও কর্তৃক মোট ৬টি প্রতিপাদ্য বিষয় সভায় উপস্থাপন করা হয়। উক্ত ০৬টি প্রস্তাবনার মধ্য হতে "বিনিয়োগ ও টেকসই প্রবৃদ্ধির জন্য উৎপাদনশীলতা উন্নয়ন অপরিহার্য " (Productivity is Essential of Investment and Sustainable Growth) প্রতিপাদ্য বিষয়কে ভিত্তি করে সময়োপযোগী একটি প্রতিপাদ্য বিষয় প্রাথমিকভাবে নির্বাচন করা যেতে পারে মর্মে সভাপতি মহোদয় অভিমত ব্যক্ত করেন। এ বিষয়ে আগামী ০৬/০৮/২০১৭ তারিখের মধ্যে উপস্থিত কর্মকর্তাগণের মধ্য হতে প্রস্তাবিত প্রতিপাদ্য বিষয় সম্পর্কে নিজস্ব মতামত এনপিও পরিচালক (যুগ্ম সচিব) জনাব এস. এম. আশরাফুজ্জামানের নিকট প্রেরণ করতে হবে এবং আগামী ০৭/০৮/২০১৭ ইং তারিখের মধ্যে দিবসের প্রতিপাদ্য বিষয় চূড়ান্ত করতে হবে। | আগামী ০৬/০৮/২০১৭ তারিখের মধ্যে উপস্থিত কর্মকর্তাগণের প্রস্তাবিত প্রতিপাদ্য বিষয় পর্যালোচনাপূর্বক জাতীয় উৎপাদনশীলতা দিবসের প্রতিপাদ্য বিষয় ০৭/০৮/২০১৭ তারিখ চূড়ান্ত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন) ও এনপিও পরিচালক সচিব মহোদয়ের সাথে পরামর্শক্রমে প্রতিপাদ্য বিষয়টি চূড়ান্তকরণের ব্যবস্থা করবে। |
| ২। | স্লোগান নির্বাচন<br>অন্যান্য বছরের ন্যায় এবারেও জাতীয় উৎপাদনশীলতা দিবসের জন্য স্লোগান নির্ধারণ করা প্রয়োজন মর্মে সভায় আলোচনা করা হয়। এনপিও কর্তৃক ২৭টি স্লোগান সভায় উপস্থাপন করা হয়। উক্ত ২৭টি স্লোগান হতে যাচাই বাছাই করে প্রাথমিকভাবে ১৫টি স্লোগান নির্বাচন করা যায় মর্মে অভিমত ব্যক্ত করা হয়। সভাপতি মহোদয়ের সাথে আলোচনাক্রমে পরবর্তীতে ১০টি স্লোগান চূড়ান্ত করা যেতে পারে। | এনপিও কর্তৃক ২৭টি স্লোগান আরও যাচাই বাছাই করে প্রাথমিকভাবে ১৫টি স্লোগান নির্বাচনপূর্বক সচিব মহোদয়ের সঙ্গে আলোচনাক্রমে ১০টি স্লোগান চূড়ান্ত করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন) ও এনপিও পরিচালক সচিব মহোদয়ের সাথে পরামর্শক্রমে স্লোগানসমূহ চূড়ান্তকরণের ব্যবস্থা গ্রহণ করবে। |

| | | | |
|---|---|---|---|
| ৩। | <u>দিবস উপলক্ষে আন্তঃমন্ত্রণালয় সভা আহবান</u><br>প্রত্যেক বছরই জাতীয় উৎপাদনশীলতা দিবস উপলক্ষে শিল্প মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়ে থাকে । এ বছরেও আগামী ২১/০৮/২০১৭ বা ২২/০৮/২০১৭ ইং তারিখে সভা আহবান করা যেতে পারে মর্মে সভাপতি মহোদয় অভিমত ব্যক্ত করেন। | সচিব মহোদয়ের সাথে পরামর্শক্রমে আগামী ২১/০৮/২০১৭ বা ২২/০৮/২০১৭ ইং তারিখে সভা আহবান করতে হবে । | অতিরিক্ত সচিব (প্রশাসন) ও এনপিও পরিচালক সচিব মহোদয়ের সাথে পরামর্শক্রমে সভার তারিখ নির্ধারণের ব্যবস্থা গ্রহণ করবে । |
| ৪। | <u>গোলটেবিল বৈঠক আয়োজন</u><br>বিগত বছরে নাসিব এর উদ্যোগে দিবসটির তাৎপর্যের উপর একটি গোল টেবিল বৈঠকের আয়োজন করা হয়েছিল মর্মে সভাকে অবহিত করা হয় । ইতোমধ্যে এনপিও'র সাথে নাসিব এর একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে । এর আলোকে নাসিব এর উদ্যোগে একটি গোল টেবিল বৈঠক আয়োজন করা যেতে পারে মর্মে আলোচনা করা হয় । এজন্য একটি কমিটি গঠন করা যেতে পারে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয় । | নাসিবের সাথে আলোচনাক্রমে একটি গোল টেবিল বৈঠকের আয়োজন করতে হবে । গোল টেবিল বৈঠক আয়োজনের জন্য নিম্নবর্ণিতভাবে একটি কমিটি গঠন করা হলোঃ<br>১। ডাঃ মোঃ আব্দুল করিম, আহবায়ক<br>যুগ্ম সচিব (বিরা)<br>২। জনাব মির্জা নুরুল গণি শোভন সদস্য<br>সভাপতি, নাসিব<br>৩। জনাব মোঃ মজিবুর রহমান বেলাল সদস্য<br>সিনিয়র ভাইস প্রেসিডেন্ট, নাসিব<br>৪। মোছাঃ ফাতেমা বেগম সদস্য<br>গবেষণা কর্মকর্তা, এনপিও<br>৫। জনাব মোঃ নজরুল ইসলাম সদস্য সচিব<br>উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা, এনপিও | ক) গঠিত কমিটি নাসিবের সাথে যোগাযোগ করে প্রতিপাদ্য বিষয়ের উপর একটি গোল টেবিল বৈঠকের আয়োজন করবে ।<br>খ) গোল টেবিল বৈঠকের জন্য তারিখ, সময় এবং স্থান নির্ধারণ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।<br>গ) গোল টেবিল বৈঠকে প্রধান অতিথি, সভাপতি ও আলোচকবৃন্দ নির্ধারণপূর্বক প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করবে ।<br>ঘ) কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করবে। |
| ৫। | <u>বাংলাদেশ টেলিভিশনে টকশো আয়োজন</u><br>অন্যান্য বছরের ন্যায় জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৭ উপলক্ষ্যে বাংলাদেশ টেলিভিশনে একটি টকশো আয়োজনের বিষয়ে সভায় আলোচনা করা হয় । উক্ত টকশোতে মাননীয় শিল্প মন্ত্রী, শিল্প সচিব মহোদয় ও এনপিও, পরিচালকের সমন্বয়ে বাংলাদেশ টেলিভিশনে প্রচারের জন্য একটি টকশো আয়োজন করা প্রয়োজন মর্মে সভায় মতামত ব্যক্ত করা হয় । | বাংলাদেশ টেলিভিশনে টকশোর আয়োজন করতে হবে। ৪ নং ক্রমিকে গঠিত কমিটি বাংলাদেশ টেলিভিশনে টকশো আয়োজনের ব্যবস্থা গ্রহণ করবে। | কমিটি বিটিভি কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করতঃ টকশোটি রেকর্ডিং এর তারিখ ও সময় নির্ধারণ করে অবহিত করবে । |
| ৬। | <u>দিবস উপলক্ষ্যে সুভ্যেনিয়র প্রকাশ</u><br>প্রতি বছরের ন্যায় জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৭ উপলক্ষ্যে একটি সুভ্যেনিয়র প্রকাশের প্রয়োজন মর্মে সভায় আলোচনা করা হয় । এজন্য একটি কমিটি গঠন করা যায় মর্মে সভায় অভিমত ব্যক্ত হয় । | জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৭ উপলক্ষ্যে একটি সুভ্যেনিয়র প্রকাশ করতে হবে। এতদবিষয়ে সুভ্যেনিয়র প্রকাশের জন্য নিম্নবর্ণিতভাবে একটি কমিটি গঠন করা হলোঃ<br>১। লুৎফুন নাহার বেগম আহবায়ক<br>যুগ্ম সচিব(প্রঃ-১)<br>২। জনাব এটিএম মোজাম্মেল হক সদস্য<br>উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা,এনপিও।<br>৩। মোছাম্মৎ ফাতেমা বেগম সদস্য<br>গবেষণা কর্মকর্তা,এনপিও।<br>৪। জনাব জহুরুল ইসলাম সদস্য<br>প্রশাসনিক কর্মকর্তা<br>৫। জনাব মোঃ আব্দুল মুসাব্বির সদস্য সচিব<br>যুগ্ম পরিচালক(সিসি), এনপিও | ক) গঠিত কমিটি সুভ্যেনিয়র প্রকাশের জন্য খসড়া বাণী প্রেরণ ও চূড়ান্ত বাণী সংগ্রহ করে সুভ্যেনিয়র প্রকাশের ব্যবস্থা গ্রহণ করবে ।<br>খ) সুভ্যেনিয়রের লেখা নির্বাচন ও সম্পাদনার প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করবে।<br>গ) কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্বও পালন করবে । |
| ৭। | <u>দৈনিক পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশ</u><br>অন্যান্য বছরের ন্যায় জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৭ উপলক্ষ্যে বহুল প্রচারিত ২টি বাংলা ও ১টি ইংরেজি দৈনিক পত্রিকায় একটি ক্রোড়পত্র প্রকাশের প্রয়োজন মর্মে সভায় আলোচনা করা হয় । | জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৭ উপলক্ষ্যে দৈনিক পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে । ৬ নং ক্রমিকে গঠিত কমিটি ক্রোড়পত্র প্রকাশেরও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | ক) দিবসের ক্রোড়পত্র প্রকাশের জন্য ২টি বাংলা ও ১টি ইংরেজি বহুল প্রচারিত দৈনিক পত্রিকা নির্ধারণ করে ক্রোড়পত্র প্রকাশের ব্যবস্থা নিবে।<br>খ) ৬ নং ক্রমিকে বর্ণিত কমিটির টার্মস অফ রেফারেন্স বলবৎ থাকবে। |

| | | | |
|---|---|---|---|
| ৮। | <u>মন্ত্রি পরিষদ বিভাগ কর্তৃক জেলা, উপজেলায় নির্দেশনা প্রেরণ</u><br>বিগত বছরের ন্যায় জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৭ উপলক্ষ্যে জেলা, উপজেলা পর্যায়ে জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৭ এর কর্মসূচি বাস্তবায়নের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের মাধ্যমে পত্র প্রেরণ করা প্রয়োজন মর্মে সভায় আলোচনা করা হয় । শিল্প সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত ডিও পত্র দিবসের সাথে সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহে প্রেরণ করা যেতে পারে মর্মে সভায় আলোচনা হয়। সভায় আলোচনাকালে জানানো হয় যে, এনপিও'র মাঠ পর্যায়ের কোন দপ্তর নেই। শিল্প মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বিসিকের প্রতিটি জেলায় অফিস রয়েছে। এ বিষয়ে বিসিকের জেলা অফিস স্থানীয় প্রশাসনের সাথে যোগাযোগ করে দিবসটি পালনের ব্যবস্থা নিতে পারে মর্মে সভাপতি মহোদয় অভিমত ব্যক্ত করেন । | ১। জেলা, উপজেলা পর্যায়ে জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৭ এর কর্মসূচি বাস্তবায়নের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সকল জেলার জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদানের জন্য মন্ত্রণালয়ের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। শিল্প সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত ডিও পত্র দিবসের সাথে সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহে প্রেরণ করতে হবে<br>৩। শিল্প মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বিসিকের জেলা অফিসগুলোকে সংশ্লিষ্ট জেলা প্রশাসকদের সাথে সমন্বয়পূর্বক দিবসের কর্মসূচি বাস্তবায়নের জন্য মন্ত্রণালয়ের মাধ্যমে নির্দেশনা প্রদান করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন) ও এনপিও পরিচালক সচিব মহোদয়ের সাথে আলোচনাক্রমে মন্ত্রিপরিষদ বিভাগে পত্র প্রেরণ, শিল্প সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত ডিও পত্র ও জেলা পর্যায়ে বিসিক অফিসসমূহকে মন্ত্রণালয় কর্তৃক প্রয়োজনীয় নির্দেশনা প্রেরণ করতে হবে । |
| ৯। | <u>দিবসের প্রচারণা</u><br>এনপিও পরিচালক সভাকে অবহিত করেন যে, জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৭ এর ব্যাপক হারে প্রচারণার জন্য মন্ত্রণালয়ের একজন যুগ্ম সচিব এর নেতৃত্বে একটি সাব কমিটি গঠণ করা প্রয়োজন । উপস্থিত কর্মকর্তাগণ তাঁর প্রস্তাব সমর্থন করে উৎপাদনশীলতা দিবসের প্রতিপাদ্য বিষয় বিভিন্ন শ্রেণীপেশার জনগণের নিকট ইংরেজী হরফে বাংলায় লিখে Robo-call ও SMS এর মাধ্যমে প্রেরণ করার উপরেও গুরুত্বারোপ করেন । | জাতীয় উৎপাদনশীলতা দিবসের ব্যাপক প্রচারণা করতে হবে । দিবসের প্রচারণা কার্যক্রম সম্পন্নের জন্য নিম্নবর্ণিতভাবে একটি কমিটি গঠণ করা হলোঃ<br>১। জনাব একেএম রফিকুল ইসলাম আহবায়ক<br>যুগ্ম সচিব(বিএসএফআইসি)<br>২। জনাব প্রতুল কুমার সাহা সদস্য<br>উপ সচিব (সাধারন সেবা)<br>৩। জনাব মোঃ আমিনুল ইসলাম সদস্য<br>সহকারী প্রোগ্রামার, এনপিও<br>৪। জনাব জহরুল ইসলাম সদস্য<br>প্রশাসনিক কর্মকর্তা,এনপিও।<br>৫। জনাব মোঃ আব্দুল মুসাব্বির সদস্য সচিব<br>যুগ্ম পরিচালক (চঃদাঃ),এনপিও | ক) গঠিত কমিটি দিবসের প্রচারণার জন্য পোষ্টার, ফেষ্টুন এর নঁকশা নির্ধারণের কার্যক্রম সমপন্ন করে পোষ্টার ছাপানো এবং জেলা ও উপজেলায় প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবে ।<br>খ) সড়কদ্বীপ ও ঢাকার গুরুত্বপূর্ণ স্থানসমূহের পোষ্টার লাগানোর প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।<br>গ) বিভিন্ন শ্রেণীপেশার জনগণের নিকট দিবসের প্রতিপাদ্য বিষয়টি ইংরেজি হরফে বাংলায় লিখে Robo-call ও SMS এর মাধ্যমে প্রেরণ করতে হবে ।<br>ঘ) কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করবে। |
| ১০। | <u>র‍্যালি আয়োজন</u><br>অন্যান্য বছরের ন্যায় জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৭ উপলক্ষ্যে একটি বর্ণাঢ্য র‍্যালি আয়োজনের প্রয়োজন মর্মে এনপিও পরিচালক সভাকে অবহিত করেন । এ লক্ষ্যে র‍্যালির সময় ও স্থান নির্ধারণের প্রয়োজন। আগামী ০২ অক্টোবর, ২০১৭ সোমবার যেহেতু কর্মদিবস তাই ওসমানী স্মৃতি মিলানায়তন হতে সকাল ০৮.০০ টায় র‍্যালি শুরু করে জাতীয় প্রেসক্লাবের সামনে শেষ করা যায় মর্মে আলোচনা হয় এবং ৯ নং ক্রমিকে গঠিত কমিটিকে র‍্যালি আয়োজনের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে পারে মর্মে সভায় মতামত ব্যক্ত করা হয় । | আগামী ০২ অক্টোবর, ২০১৭ সোমবার ওসমানী স্মৃতি মিলানায়তন হতে সকাল ০৮.০০ টায় র‍্যালি শুরু করে জাতীয় প্রেসক্লাবের সামনে শেষ হবে।<br><br>র‍্যালি সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পন্ন করার জন্য ৯ নং ক্রমিকের গঠিত কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | ক) ৯ নং ক্রমিকে গঠিত কমিটি দিবসের র‍্যালির গেঞ্জী, ক্যাপ বিতরণ, আপ্যায়নসহ যাবতীয় কার্যক্রম সম্পন্ন করবে।<br>খ) কর্তৃপক্ষ কর্তৃক র‍্যালি সংক্রান্ত প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করবে। |

| | | | |
|---|---|---|---|
| ১১। | সেমিনার/আলোচনা সভা<br>এনপিও পরিচালক সভাকে অবহিত করেন যে, প্রতি বছরের ন্যায় জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৭ উপলক্ষ্যে দিবসের প্রতিপাদ্য বিষয়ে একটি সেমিনারের আয়োজন প্রয়োজন। সভায় সেমিনারের প্রধান অতিথি, বিশেষ অতিথি, সভাপতি, মূল প্রবন্ধ উপস্থাপক ও অন্যান্য আলোচক নির্বাচন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভাপতি মহোদয় সেমিনার আয়োজনের জন্য শিল্প মন্ত্রণালয়ের একজন যুগ্ম সচিবকে আহবায়ক করে একটি কমিটি গঠনের নির্দেশনা প্রদান করেন। | (ক) জাতীয় উৎপাদনশীলতা দিবসের প্রতিপাদ্য বিষয়ের উপর একটি সেমিনার সিরডাপ মিলনায়তনে আয়োজন করতে হবে। উক্ত সেমিনারে মাননীয় শিল্প মন্ত্রী প্রধান অতিথি, এফবিসিসিআই এর সভাপতিকে বিশেষ অতিথি, শিল্প সচিব মহোদয়কে সভাপতি করে আয়োজন করতে হবে।<br>(খ) মূল প্রবন্ধ উপস্থাপক হিসেবে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)/ঢাকা বিশ্ববিদ্যালয়ের একজন অধ্যাপকের সাথে যোগাযোগ করতে হবে।<br>সেমিনার/আলোচনা সভা অনুষ্ঠানের জন্য নিম্নবর্ণিতভাবে একটি কমিটি গঠন করা হলোঃ<br>১। জনাব মোঃ জিয়াউর রহমান খান আহবায়ক<br>যুগ্ম সচিব(বিসিআইসি)<br>২। জনাব মোঃ আব্দুল মুসাব্বির সদস্য<br>যুগ্ম পরিচালক (চঃদাঃ),এনপিও<br>৩। জনাব মোঃ রাজু আহমেদ সদস্য<br>গবেষণা কর্মকর্তা,এনপিও।<br>৪। জনাব রিপন সাহা সদস্য<br>গবেষণা কর্মকর্তা,এনপিও।<br>৫। জনাব মোঃ নজরুল ইসলাম সদস্য সচিব<br>ঊর্ধ্বতন গবেষণা কর্মকর্তা,এনপিও। | ক) সিদ্ধান্ত অনুযায়ী গঠিত কমিটি দিবসের প্রতিপাদ্য বিষয়ের উপর একটি সেমিনার আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।<br>খ) মূল প্রবন্ধ উপস্থাপক নির্বাচনের ব্যবস্থা গ্রহণ করবে।<br>গ) কর্তৃপক্ষ কর্তৃক প্রচার সংক্রান্ত প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করবে। |

জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৭ এর কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব মোঃ দাবিরুল ইসলাম সার্বিক সমন্বয়ের দায়িত্ব পালন করবে। এনপিও পরিচালক দিবসটি যথাযথভাবে পালনে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।

দিবসটি উদযাপনের জন্য গঠিত কমিটিসমূহের আহবায়কগণ আগামী ১০ আগস্ট, ২০১৭ বৃহস্পতিবারের মধ্যে সভা করে অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব মোঃ দাবিরুল ইসলামকে কমিটির সর্বশেষ অগ্রগতি সম্পর্কে অবহিত করবে। গঠিত সাব কমিটি প্রয়োজনে নতুন সদস্যকে কোঅপ্ট করতে পারবে।

সভাপতি আগামী ২ অক্টোবর (সোমবার) জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৭ যথাযথভাবে উদযাপনে সকলকে আন্তরিকতার সাথে দায়িত্ব পালনের আহবান জানান এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৬.০৮.২০১৭

(মোহাম্মদ আব্দুল্লাহ্)
সচিব
শিল্প মন্ত্রণালয়